CHANDPUR SCIENCE AND TECHNOLOGY UNIVERSITY
Dhaka Office: Wahida Bhaban, 5th Floor (Lift # 4), House- 40, Bolck- A, Main Road (Near East West University), Aftabnagar, Dhaka-1212, Bangladesh
Campus: Holding No: 0937-02, Kholishaduli, Wapda Gate, Cumilla Road, Chandpur Sadar, Chandpur-3600, Bangladesh

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
ঢাকা অফিস: ওয়াহিদা ভবন, ৫ম তলা (লিফট#৪), বাসা-৪০, ব্লক- এ, মেইন রোড (ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি- এর কাছে), আফতাবনগর, ঢাকা-১২১২, বাংলাদেশ
ক্যাম্পাস: হোল্ডিং নং: ০৯৩৭-০২, খলিশাডুলি, ওয়াপদা গেইট, কুমিল্লা রোড, চাঁদপুর সদর, চাঁদপুর-৩৬০০, বাংলাদেশ

Phone: +880-2-334485908, Email: info@cstu.ac.bd, Web: www.cstu.ac.bd

স্মারক নং- চাঁবিপ্রবি/রেজি./নিয়োগ/কর্মকর্তা-কর্মচারী/২০২৬/১৬৪৫

তারিখঃ ০২ আশ্বিন ১৪৩৩
১৭ সেপ্টেম্বর ২০২৬

# পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদসমূহে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | মোট পদ সংখ্যা | বিভাগ, পদসংখ্যা ও বেতন স্কেল | শর্তাবলী |
|---|---|---|---|---|
| ০১ | রেজিস্ট্রার | ০১টি | রেজিস্ট্রার দপ্তর: ০১টি<br>গ্রেড নং-৩<br>বেতন স্কেল ৳: ৫৬,৫০০–৭৪,৪০০/- | আবেদনকারীকে https://jobs.cstu.ac.bd ওয়েবসাইটে গিয়ে প্রয়োজনীয় সকল কাগজপত্রের Scanned pdf copy ও আবেদন ফি সহ ১৯/০৯/২০২৬ খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকা থেকে ০১/১০/২০২৬ খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: https://www.cstu.ac.bd অথবা www.jobs.cstu.ac.bd- এ Notice সেকশন থেকে যোগ্যতার বিস্তারিত বিবরণ সংগ্রহ করা যাবে। প্রার্থীকে অনলাইনে আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রের Scanned pdf copy সংযুক্ত করতে হবে- (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে), প্রকাশনা ও অন্যান্য (খ) সদ্য তোলা ৩০০×৩০০ পিক্সেল ও অনূর্ধ্ব ২০০ কিলোবাইট সাইজের ছবি (jpg file) (গ) ৩০০×১০০ পিক্সেল ও অনূর্ধ্ব ২০০ কিলোবাইট সাইজের স্বাক্ষর (ঘ) জাতীয় পরিচয়পত্র (ঙ) চাকরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন গ্রহণ করা হবে না। ক্রেডিট কার্ড/অনলাইন ব্যাংকিং/মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ০১ থেকে ০৪ নং পদের জন্য আবেদন ফি ২০০/- (দুইশত) টাকা, ০৫ থেকে ০৬ নং পদের জন্য আবেদন ফি ১০০/- (একশত) টাকা, ০৭ নং পদের জন্য আবেদন ফি ৫০/- (পঞ্চাশ) টাকা এবং সকল গ্রেড (অনগ্রসর নাগরিক: ক্ষুদ্র নৃ- গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) এর জন্য আবেদন ফি ৫০/- (পঞ্চাশ) টাকা (সার্ভিস চার্জ ব্যতীত) পরিশোধ করতে হবে। |
| ০২ | পরিচালক | ০১টি | অর্থ ও হিসাব বিভাগ: ০১টি<br>গ্রেড নং-৩<br>বেতন স্কেল ৳: ৫৬,৫০০–৭৪,৪০০/- | |
| ০৩ | পরিচালক | ০১টি | পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ: ০১টি<br>গ্রেড নং-৩<br>বেতন স্কেল ৳: ৫৬,৫০০–৭৪,৪০০/- | |
| ০৪ | পিএস টু ভিসি (সহকারী রেজিস্ট্রার) | ০১টি | উপাচার্য মহোদয়ের দপ্তর: ০১টি<br>বেতন স্কেল ৳: ২৯,০০০-৬৩,৪১০/-<br>গ্রেড নং-৭ | |
| ০৫ | ল্যাব অ্যাসিস্ট্যান্ট | ০২টি | (ক) পদার্থ বিজ্ঞান ল্যাব: ০১টি<br>(খ) রসায়ন ল্যাব: ০১টি<br>গ্রেড নং- ১৩<br>বেতন স্কেল ৳: ১১,০০০-২৬,৫৯০/- | |
| ০৬ | গাড়ি চালক | ০১টি | পরিবহন পুল: ০১টি<br>বেতন স্কেল ৳: ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড নং- ১৬ | |
| ০৭ | অফিস সহায়ক | ০৪টি | (ক) অর্থ ও হিসাব বিভাগ: ০১টি<br>(খ) পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ: ০১টি<br>(গ) কেন্দ্রীয় গ্রন্থাগার: ০১টি<br>(ঘ) ব্যবসায় প্রশাসন বিভাগ: ০১টি<br>বেতন স্কেল ৳: ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড-২০ | |

**প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ**

- আগ্রহী প্রার্থীকে আগামী ০১/১০/২০২৬ খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।
- ক্রমিক নং- ০১ হতে ০৭ এ বর্ণিত পদের জন্য Online -এ আবেদন পত্র Submit করার পর Online -এ Generated আবেদনপত্র Print করে ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ সকল সনদপত্র ও অন্যান্য ডকুমেন্ট (সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধনপত্র, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত চরিত্র সম্পর্কিত প্রসংশাপত্র, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্রাদি ও নম্বরপত্রের সত্যায়িত কপি) এর হার্ড কপি ক্রমিক নং- ০১ হতে ০৪ এ বর্ণিত পদের জন্য ০৭ সেট এবং ক্রমিক নং- ০৫ হতে ০৭ এ বর্ণিত পদের জন্য ০৫ সেট করে পূর্ণাঙ্গ আবেদন আগামী ০৫/১০/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে সরাসরি অথবা ডাকযোগে/কুরিয়ারের মাধ্যমে "রেজিস্ট্রার, চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, অস্থায়ী ক্যাম্পাস: হোল্ডিং নং: ০৯৩৭-০২, খলিশাডুলি, ওয়াপদা গেইট, কুমিল্লা রোড, চাঁদপুর সদর, চাঁদপুর-৩৬০০" এর বরাবর পৌঁছাতে হবে। অন্যথায় আবেদনটি বাতিল বলে গণ্য হবে।
- অত্র বিশ্ববিদ্যালয়ের স্মারক নং: চাঁবিপ্রবি/রেজি./নিয়োগ/কর্মকর্তা-কর্মচারী/২০২৬/১২২৭, তারিখ: ২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. এর মাধ্যমে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যে সকল প্রার্থীকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হয়েছিল তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
- প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষার তারিখ ই-মেইল, এসএমএস ও ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- সাক্ষাৎকারের সময় সকল সনদের মূল কপি ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনতে হবে।
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

১৭/০৯/২০২৬

(মোঃ আল মামুন)
রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত)
চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়